# ২০২৬

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা — এম. ডি. সি

**পত্র : CC-8**

**(ছন্দ, অলঙ্কার ও প্রবন্ধ)**

**পূর্ণমান - ৭৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) সরল কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখো (*যে-কোনো তিনটি*)। ৫×৩

(অ) দল (আ) মাত্রা

(ই) ধ্বনি (ঈ) যতি

(উ) পদ।

২। (ক) অনুপ্রাস অলঙ্কার কাকে বলে? এর কয়টি ভাগ ও কী কী? উদাহরণসহ তিনটি ভাগের আলোচনা করো। ৩+৩+৯

*অথবা*

(খ) উৎপ্রেক্ষা অলংকারের সংজ্ঞা দাও। এর কয়টি বিভাগ ও কী কী? উদাহরণসহ প্রতিটি বিভাগ সম্পর্কে আলোচনা করো। ৩+২+১০

৩। (ক) 'বইপড়া' প্রবন্ধে প্রাবন্ধিক প্রমথ চৌধুরী বই পড়াকে এত গুরুত্ব দিয়ে কেন আবশ্যিক বলেছেন তা আলোচনা করে বই পড়ার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ১৫

*অথবা*

(খ) 'পতঙ্গ' প্রবন্ধের মূল বক্তব্য বিশ্লেষণ করো। ১৫

৪। (ক) ছন্দোলিপি প্রণয়ন করো (পর্ব, পদ, লয়, রীতি উল্লেখ করতে হবে)। ৫

প্রহর শেষের আলোয় রাঙা সেদিন চৈত্রমাস—
তোমার চোখে দেখেছিলেম আমার সর্বনাশ।

*অথবা*

(খ) ঝড় রুষিয়ে
ধায় ঢুসিয়ে
ফোঁস ফুঁসিয়ে
খুব হুঁশিয়ার। ৫

৫। (ক) টীকা লেখো (***যে-কোনো একটি***)। ৫

যমক, সাঙ্গ রূপক।

*অথবা*

(খ) ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো— ৫

চল চপলার চকিত চমকে করিছে চরণ বিচরণ।

৬। (ক) 'মেঘদূত' প্রবন্ধ অবলম্বনে 'মনুষ্যত্বের নিবিড় ঐক্য' বলতে কী বোঝো? ৫

*অথবা*

(খ) আধুনিক মনীষীরা কীভাবে পূর্ব ও পশ্চিমের মেলবন্ধন করতে চেয়েছেন তা সংশ্লিষ্ট রবীন্দ্র-প্রবন্ধ অনুসরণে সংক্ষেপে লেখো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) দল কয় প্রকার ও কী কী?

(খ) কোন ছন্দের লয় দ্রুত?

(গ) অমিত্রাক্ষর ছন্দ ব্যবহৃত হয়েছে এমন একটি বাংলা মহাকাব্যের নাম লেখো।

(ঘ) অক্ষরবৃত্ত ছন্দের মূলপর্ব কয় মাত্রায় গঠিত হয়?

(ঙ) অতিপর্ব কী?

(চ) উপমা অলংকারের চারটি অঙ্গ কী কী?

(ছ) কাকু বক্রোক্তি অলংকারে 'কাকু' কথাটির অর্থ কী?

(জ) শব্দশ্লেষ অলংকারের উদাহরণ দাও।

(ঝ) নিন্দার ছলে প্রশংসা কোন অলংকারে করা হয়?

(ঞ) "শরদিন্দু নিভাননী প্রমীলা সুন্দরী"— কী অলংকার?

(ট) 'পতঙ্গ' প্রবন্ধ মূল কোন প্রবন্ধ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

(ঠ) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী?

(ড) 'বইপড়া' প্রবন্ধ থেকে প্রাবন্ধিকের উল্লেখিত যে-কোনো একটি বইয়ের নাম লেখো।

(ঢ) "আমরাই কেবল সকল সময়ে আত্মবিসর্জনে ইচ্ছুক।" — 'আমরা' কারা?

(ণ) 'মেঘদূত' প্রবন্ধে উল্লিখিত 'মেঘদূত' কাব্যটি কার লেখা?

———————